রুয়েট বুলেটিন

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একটি ত্রৈ-মাসিক প্রকাশনা

২য় বর্ষ :: ৭ম সংখ্যা :: জুলাই-সেপ্টেম্বর ২০১৬

আইপিই বিভাগের এক যুগ পূর্তি অনুষ্ঠান উদ্‌যাপন

শোভাযাত্রা, সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ নানা আয়োজনের মধ্যে দিয়ে এক যুগ পূর্তি উদ্‌যাপন করেছে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগ।

এ উপলক্ষে ৮ জুলাই শুক্রবার দিনব্যাপী আনন্দ-উৎসবে মেতে ছিলেন বিভাগের শিক্ষকসহ সাবেক ও বর্তমান শিক্ষার্থীরা। সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় উৎসবের উদ্বোধনী অনুষ্ঠান। বিভাগের সভাপতি অধ্যাপক ড. মো. মোশাররাফ হোসেনের সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. মোহাঃ রফিকুল আলম বেগ। উক্ত অনুষ্ঠানেই বিভাগের নবীণ শিক্ষার্থীদের বরণ করে নেওয়া হয়।

বেলা আড়াইটা থেকে বিভাগের সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয় 'গ্র্যাজুয়েট রিক্রুটমেন্ট ফেয়ার'। বিকেল সাড়ে ৩ টায় কেন্দ্রীয় অডিটোরিয়ামে 'লিন ম্যানুফ্যাকচারিং' বিষয়ক সেমিনার এবং বিকেল সাড়ে ৪ টায় 'মিট দ্যা প্রফেশনালস' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়।

সন্ধ্যা সাড়ে ৭ টায় অডিটোরিয়ামে আয়োজন করা হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান। এসব আয়োজনের পাশাপাশি ক্যাম্পাসে আড্ডায় মগ্ন হতে দেখা যায় সাবেক ও বর্তমান শিক্ষার্থীদের। প্রিয় বিভাগের অমলীন স্মৃতিটুকু ধরে রাখতে অনেকেই মেতে ওঠেন ফটোসেশনে।

আইপিই বিভাগের প্রধান অধ্যাপক ড. মো. মোশাররাফ হোসেন বলেন এক যুগ পূর্তি আমাদের জন্য অনেক আনন্দের। দিবসটির মূল উদ্দেশ্য ছিল সাবেক ও বর্তমান শিক্ষার্থীদের মধ্যে এক মেলবন্ধন তৈরি করা। এতে সাবেক ও বর্তমান মিলিয়ে প্রায় সাড়ে তিনশ শিক্ষার্থী অংশগ্রহণ করেন।

উল্লেখ্য, ২০০৪ সালে ২২ অক্টোবর প্রতিষ্ঠিত হয় আইপিই বিভাগ। শিক্ষা কার্যক্রম চালু হয় ২০০৬ সালের ৮ ফেব্রুয়ারি। বিভাগে বর্তমানে শিক্ষক রয়েছেন ১১ জন। এ পর্যন্ত এ বিভাগ থেকে ১৭৫ জন শিক্ষার্থী তাঁদের ডিগ্রী সম্পন্ন করেছেন। বর্তমানে অধ্যয়ন করছেন ২৫৬ জন শিক্ষার্থী।

দেশের ৬১ বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়নে প্রকল্প শুরু

দেশীয় ও আন্তর্জাতিক বাজারে গ্রাজুয়েটদের চাকুরি নিশ্চিত করতে দেশের ৬১ টি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা ও গবেষণার মানোন্নয়নের জন্য কোয়ালিটি এ্যাসুরেন্স বিষয়ক প্রকল্প বাস্তবায়ন শুরু হয়েছে।

২৪ জুলাই রবিবার দুপুরে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে 'উচ্চ শিক্ষার মানোন্নয়নের গুরুত্ব' শীর্ষক এক কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠানে এই তথ্য প্রকাশ করা হয়েছে। রুয়েটে ইন্সটিটিউয়াল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি) এই কর্মশালার আয়োজন করে।

উচ্চ শিক্ষার মানোন্নয়নের গুরুত্ব শীর্ষক এক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তারা বলেন বর্তমানে দেশের ১৩৩ টি বিশ্ববিদ্যালয়ে ৩২ লক্ষ ছাত্র-ছাত্রী উচ্চশিক্ষা গ্রহণ করছেন। প্রতি বছর এসব বিশ্ববিদ্যালয় থেকে ৮ লক্ষ গ্রাজুয়েট বের হচ্ছেন। এই বিপুল সংখ্যক গ্রাজুয়েটদের কর্মসংস্থানের সুযোগ বাংলাদেশে না থাকায় তাঁদেরকে আন্তর্জাতিক শ্রম বাজারের দিকে ঝুঁকতে হচ্ছে।

বক্তারা বলেন, উচ্চ শিক্ষার মানোন্নয়ন করা সম্ভব না হলে আমাদের গ্রাজুয়েটরা দেশীয় ও আন্তর্জাতিক শ্রম বাজারে প্রবেশ করতে পারবেন না। তাই দেশের ৬১ টি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার মানোন্নয়নে বিশ্বব্যাংকের সহায়তায় ইউজিসি কোয়ালিটি এ্যাসুরেন্স প্রকল্প বাস্তবায়ন করছে।

এই অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মুঞ্জরি কমিশনের কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের প্রধান প্রফেসর ড. মেজবাউদ্দিন আহমেদ, কোয়ালিটি এ্যাসুরেন্স বিশেষজ্ঞ প্রফেসর ড. সঞ্জয় কুমার অধিকারী, প্রফেসর ড. মোঃ আবুল কাশেম এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের পরিচালক প্রফেসর ড. মুশফিক আহমেদ। স্বাগত বক্তব্য রাখেন রুয়েটের ইন্সটিটিউয়াল কোয়ালিটি এ্যাসুরেন্স সেলের পরিচালক ও ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মো. মোশাররাফ হোসেন এবং অতিরিক্ত পরিচালক প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামান।

ইউজিসি ও বিশ্বব্যাংকের হ্যাকেপ প্রকল্পের সহায়তায় আয়োজিত এই কর্মশালায় রুয়েটের সকল শিক্ষক এবং বিভিন্ন শাখা প্রধানগণ অংশগ্রহণ করেন।

রুয়েটে জঙ্গিবাদ বিরোধী ছাত্র-শিক্ষক সমাবেশ অনুষ্ঠিত

সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে সচেতনতা তৈরীর লক্ষ্যে ২৫ জুলাই সোমবার সন্ধ্যায় রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে ছাত্র-শিক্ষক সমাবেশ।

রুয়েটের শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান হল মিলনায়তনে অনুষ্ঠিত এই সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

২৭ জুলাই বুধবার সকাল ১১ টায় প্রশাসনিক ভবন চত্বর থেকে বর্ণাঢ্য শোভাযাত্রা বের করার মধ্যে দিয়ে র‌্যাগ ডে উদ্‌যাপনের কর্মসূচি শুরু হয়। ২০১১ সিরিজের সকল বিভাগের ছাত্র-ছাত্রী রং বেরংয়ের পোশাক পরে শোভাযাত্রায় অংশ নেয়। শোভাযাত্রাটির উদ্বোধন করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। এছাড়া পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকারসহ বিভিন্ন বিভাগের শিক্ষকরা শোভাযাত্রায় অংশ নেন।

শোভাযাত্রা শেষে শুরু হয় কালার ফেস্ট। ২০১১ সিরিজের সকল বিভাগের ছাত্র-ছাত্রী কালার ফেস্টে অংশ নিয়ে নিজেকে রাঙিয়ে তোলেন রঙ্গিন করে। বিকেলে সিএসই ভবন চত্বরে অনুষ্ঠিত হয় মনোজ্ঞ কনসার্ট। কনসার্টে রুয়েটের ছাত্র-ছাত্রী ছাড়াও আমন্ত্রিত শিল্পীরা সঙ্গীত পরিবেশন করেন।

পুরকৌশল বিভাগ কর্তৃক আয়োজিত 'স্থাপনা নির্মাণে সিমেন্ট ব্যবহার' বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ৩০ জুলাই শনিবার বিকেলে অনুষ্ঠিত হয়েছে 'Innovations in Cement Composition and Application' বিষয়ক সেমিনার।

বিকেল সাড়ে ৩ টায় কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত এই সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। তিনি বলেন, ছোট বড় সব স্থাপনা নির্মাণে সঠিক পরিমানে সিমেন্ট ব্যবহারের গুরুত্ব অপরিসীম। কাজেই সিমেন্টের কার্যকর ব্যবহার এবং এর প্রয়োগ সম্পর্কে সাধারণ মানুষকে সচেতন করে তোলার ক্ষেত্রে সিমেন্ট কোম্পানিগুলিকে উদ্যোগ নেয়ার জন্য তিনি আহ্বান জানান।

শাহ সিমেন্ট কোম্পানির সহায়তায় রুয়েটের পুরকৌশল বিভাগ এই সেমিনারটি আয়োজন করে। পুরকৌশল বিভাগের প্রধান ড. এন এইচ এম কামরুজ্জামান সরকারের সভাপতিত্বে অনুষ্ঠিত উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর মোহাঃ আব্দুস সোহবান এবং শাহ সিমেন্টের শাখা প্রধান মোঃ ইব্রাহিম খলিল।

সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন এবং উন্মুক্ত আলোচনা পরিচালনা করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ম্যাটারিয়াল এন্ড মেট্রোলজি বিভাগের প্রফেসর ড. মোঃ আমিনুল ইসলাম। অনুষ্ঠানে রুয়েটের পুরকৌশল বিভাগের শিক্ষক এবং শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

দেশে জঙ্গি হামলার প্রতিবাদে রুয়েটে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফি আলম বেগের নেতৃত্বে র‌্যালীর একাংশ।

সকাল ১১ টায় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আল বেগের নেতৃত্বে রুয়েট প্রশাসনিক ভবন থেকে জঙ্গিবাদবিরোধী এ বিশাল র‌্যালী শুরু হয়। র‌্যালীটি রুয়েট ক্যাম্পাস ছাড়াও রাজশাহী-ঢা সড়ক প্রদক্ষিণ করে। র‌্যালী শেষে রাজশাহী-ঢাকা সড়কে আয়োজন ক হয় মানববন্ধন। রুয়েটের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছা স্বতঃস্ফূর্তভাবে এই র‌্যালী ও মানববন্ধনে অংশগ্রহণ করেন।

দেশে জঙ্গি হামলার প্রতিবাদে রুয়েটে শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীদে মানববন্ধনের একাংশ।

মানববন্ধন শেষে জঙ্গিবাদবিরোধী এক সমাবেশের আয়োজন করা হয় এতে বক্তব্য রাখেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আল বেগ, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামা সরকার, কর্মকর্তা সমিতির সভাপতি শাহনেওয়াজ সরকার সেন্টু কর্মচারী সমিতি সভাপতি মোঃ মুরাদ হোসেন।

জাতীয় শোক দিবস পালি

যথাযথ মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের মধ্যে দিয়ে রাজশাহী প্রকৌশল প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে পালিত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজি রহমানের ৪১তম শাহাদৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস।

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে আয়োজিত র‌্যালীতে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ এবং অন্যান্যরা ।

শোক দিবসের কর্মসূচীর মধ্যে ছিল সূর্যোদয়ের সাথে সাথে প্রশাসনিক ভবন ও হলগুলোতে কালো পতাকা ও জাতীয় পতাকা অর্ধনমিত উত্তোলন। এরপর সকাল ৯ টায় প্রশাসনিক ভবন থেকে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগের নেতৃত্বে বের হয় এক বিশাল শোকর‌্যালী। সকাল সাড়ে ৯ টায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে জাতির জনকের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করা হয়।

জাতীয় শোক দিবস উপলক্ষ্যে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ এবং অন্যান্যরা।

এরপর সকাল ১০ টায় কেন্দ্রীয় শরীরচর্চা কেন্দ্রে শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এছাড়া সকাল সাড়ে ১০ টায় কেন্দ্রীয় শরীরচর্চা কেন্দ্রের হল রুমে অনুষ্ঠিত হয় 'বঙ্গবন্ধুর জীবন দর্শন ও শিক্ষা' শীর্ষক আলোচনা সভা।

আলোচনায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। এছাড়া বিশেষ অতিথির বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী, কর্মকর্তা সমিতির সভাপতি মোঃ শাহনেওয়াজ সরকার সেতু, সদস্য রোকনুজ্জামান রোকন, কর্মচারী সমিতির সভাপতি মোঃ মুরাদ হোসেন প্রমূখ। সভাপতিত্ব করেন পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার।

এছাড়া কেন্দ্রীয় মসজিদে বাদ যোহর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের সকল সদস্যের বিদেহী আত্মার মাগফেরাত ও শান্তি কামনা করে মিলাদ ও দোয়া অনুষ্ঠিত হয়।

রুয়েটে খোলা হচ্ছে দু'টি নতুন বিভাগ

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে চলতি ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ থেকে খোলা হচ্ছে দু'টি নতুন বিভাগ। বিভাগ দু'টি হচ্ছে বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমে এবং ম্যাটারিয়াল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং।

ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ জানিয়েছে দেশে দক্ষ জনবল সৃষ্টি এবং যুগের চাহিদার সাথে সামঞ্জস্য রেখে এ বিভাগ দু'টি খোলা হয়েছে। চলতি শিক্ষাবর্ষে নতুন এই বিভাগ দু'টিতে ৩০ জন করে মোট ৬০ জন ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। তবে পর্যায়ক্র এই বিভাগে ছাত্র-ছাত্রীর ভর্তির সংখ্যা বৃদ্ধি করা হবে বলেও তি জানান।

তিনি আরও বলেন, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক কো ছাত্র-ছাত্রী ভর্তির জন্য যে বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে, তাতে নতুন এ বিভাগ দু'টিতে ছাত্র-ছাত্রী ভর্তির বিষয়টি অন্তর্ভুক্ত থাকবে।

নতুন এই বিভাগ দুটি নিয়ে রুয়েটে স্নাতক ডিগ্রী প্রদানকারী বিভাগে সংখ্যা দাঁড়ালো ১৪ টিতে।

বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভ

বিল্ডিং ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন ম্যানেজমেন্ট বিভাগকে পুরকৌশ অনুষদে অধিভূক্ত করা হয়েছে। এই বিভাগটি খোলা সম্পর্কে পুরকৌশ অনুষদের ডীন প্রফেসর মোহাঃ আবদুস সোবহান বলেন, দে অবকাঠামো নির্মাণ আগের তুলনায় অনেকগুণ বৃদ্ধি পেয়েছে। এর ফ এই সেক্টরে দক্ষ জনবল অতীব প্রয়োজন। এই বিষয়টি মাথায় রে রুয়েটে এই বিভাগটি খোলা হয়েছে। কনস্ট্রাকশন সেক্টরে দক্ষ জন তৈরী ও সরবরাহে এই নতুন বিভাগটি অনন্য অবদান রাখবে বলে তি আশা প্রকাশ করেন।

ম্যাটারিয়াল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভা

ম্যাটারিয়াল সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগকে যন্ত্রকৌশল অনু অধিভূক্ত করা হয়েছে। নতুন এই বিভাগটি খোলা সম্পর্কে যন্ত্রকৌশ অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী বলেন, দেশে ইন্ডাষ্ট্রিয়াল সেক্টর প্রসারিত হওয়ার সাথে পাল্লা দিয়ে এই সেক্টরে দ জনবলের চাহিদা তৈরী হয়েছে। রুয়েটের প্রতিটি বিভাগ দক্ষ জন তৈরী করে তা প্রকৌশল ও প্রযুক্তি সেক্টরে সরবরাহ করার ক্ষেত্রে শু থেকে অনেক গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে আসছে। নতুন এই বিভাগটিবে সেভাবে গড়ে তোলার সর্বাত্বক প্রয়াস চালানো হবে বলে তিনি আ প্রকাশ করেন।

রুয়েটের ১৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালি

ব্যাপক উৎসাহ উদ্দীপনা এবং আনন্দ ও উচ্ছাসের মধ্যে দিয়ে সেপ্টেম্বর বৃহস্পতিবার রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যাল পালিত হয়েছে ১৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী ও বিশ্ববিদ্যালয় দিবস।

বেলুন উড়িয়ে বিশ্ববিদ্যালয় দিবসের কর্মসূচির উদ্বোধন করছেন ভাইস চ্যান্সে প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ সহ অন্যান্যরা।

সকাল ৯ টায় জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন এবং ফেস্টুন ও পায়রা উড়ানোর মধ্যে দিয়ে রুয়েটের প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠান শুরু হয়। বিশ্ববিদ্যালয় দিবসের দিনব্যাপী কর্মসূচীর উদ্বোধন করেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। এরপর মহান মুক্তিযুদ্ধে শাহাদৎ বরণকারী এই প্রতিষ্ঠানের ছাত্রদের কবরে ফুলের ডালা দিয়ে শ্রদ্ধাঞ্জলি জানানো হয়। এর পরেই অনুষ্ঠিত হয় বৃক্ষরোপণ কর্মসূচী।

সকাল ১০ টায় রুয়েট ক্যাম্পাস থেকে বের হয় বর্ণাঢ্য শোভাযাত্রা। ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগের নেতৃত্বে এই শোভাযাত্রাটি রুয়েট ক্যাম্পাস প্রদক্ষিণ করে। সাড়ে ১০ টায় কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয় আলোচনা সভা। এতে প্রধান অতিথির বক্তব্য রাখেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। আলোচনা সভা শেষে আন্তঃ বিভাগ বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন ও রানার আপ দলের সদস্যদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়। বাদ যোহর কেন্দ্রীয় মসজিদে রুয়েটের অগ্রযাত্রা ও উন্নতি কামনা করে দোয়া মাহ্ফিল অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষ্যে আনন্দ র‍্যালিতে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র-ছাত্রীবৃন্দ।

বিশ্ববিদ্যালয় দিবসের প্রতিটি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন, পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর মোহাঃ আবদুস সোবহান, ইলেকট্রিক্যাল এ্যাণ্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদের

বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষ্যে বৃক্ষরোপণ কর্মসূচিতে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ এবং অন্যান্যরা।

ডীন প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম শেখ, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী, এ্যাপলাইড সায়েন্স এন্ড হিউম্যানিটিজ অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাজেদুর রহমান, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, কর্মকর্তা সমিতির সভাপতি শাহনেওয়াজ সরকার সেন্টু, রুয়েট ছাত্রলীগের সাধারণ সম্পাদক তোহিদুর রহমান হিমেল এবং কর্মচারী সমিতির সভাপতি মোঃ মুরাদ হোসেন। প্রতিটি অনুষ্ঠানে রুয়েটের বিপুল সংখ্যক শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ স্বতঃস্ফুর্তভাবে অংশগ্রহণ করেন।

রুয়েটে জঙ্গিবাদের কোন স্থান নেই: ভিসি

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়কে জঙ্গি ও সন্ত্রাসবাদ মুক্ত রাখার আশাবাদ ব্যক্ত করে বলা হয়েছে, এই প্রতিষ্ঠানে জঙ্গিবাদের কোন স্থান নেই।

৩ সেপ্টেম্বর শনিবার দুপরে রুয়েটে জঙ্গি ও সন্ত্রাসবাদ প্রতিরোধে আয়োজিত এক সমাবেশে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ এ কথা বলেছেন। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, রুয়েটকে সর্বপ্রকার সন্ত্রাসমুক্ত ক্যাম্পাস হিসেবে গড়ে তোলার চেষ্টা চলছে।

জঙ্গি ও সন্ত্রাসবাদ প্রতিরোধে আয়োজিত এক সমাবেশে বক্তৃতা দিচ্ছেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহা: রফিকুল আলম বেগ।

কেন্দ্রীয় অডিটোরিয়ামে অনুষ্ঠিত এই সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন, পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর মোহাঃ আবদুস সোবহান, ইলেকট্রিক্যাল এ্যাণ্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম শেখ, যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী, এ্যাপলাইড সায়েন্স এন্ড হিউম্যানিটিজ অনুষদের ডীন প্রফেসর ড. মোঃ মাজেদুর রহমান, আইআইসিটি'র পরিচালক প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামান, পরিচালক (গবেষণা ও সম্প্রসারণ) প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম, কর্মকর্তা সমিতির সভাপতি শাহনেওয়াজ সরকার সেন্টু এবং কর্মচারী সমিতির সভাপতি মোঃ মুরাদ হোসেন। সমাবেশে সভাপতিত্ব করেন পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার এবং সঞ্চালক ছিলেন উপ-পরিচালক (ছাত্রকল্যাণ) সিদ্ধার্থ শংকর সাহা। উক্ত অনুষ্ঠানে সকল বিভাগের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ অংশগ্রহণ করেন।

রুয়েটে ১ম বর্ষ ভর্তি পরীক্ষার প্রস্তুতি শুরু

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক কোর্সে ভর্তি পরীক্ষা আগামী ২৬ অক্টোবর বুধবার অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে আয়োজনের জন্য প্রস্তুতিমূলক কার্যক্রম এগিয়ে চলেছে। ইতিমধ্যে গঠন করা হয়েছে ১১ টি উপ-কমিটি। ভর্তি পরীক্ষার সভাপতি হিসেবে আছেন পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর মোহাঃ আবদুস সোবহান।

ভর্তি পরীক্ষা যথাযথভাবে আয়োজনের লক্ষ্যে প্রতিটি উপ-কমিটি প্রস্তুতিমূলক কাজ চালিয়ে যাচ্ছে।

১ম বর্ষ স্নাতক কোর্সে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের নিয়মাবলী এবং আবেদন প্রক্রিয়া সংক্রান্ত বিস্তারিত তথ্য স্থানীয় ও জাতীয় দৈনিক পত্রিকায় এবং রুয়েটের ওয়েবসাইটে (www.ruet.ac.bd) ইতিমধ্যে প্রকাশ করা হয়েছে। চলতি শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষা পদ্ধতিতে কোন পরিবর্তন আনা হয়নি। গত বছরে অনুসৃত পদ্ধতিতে এবারও ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে বলে ভাইস-চ্যান্সেলর জানিয়েছেন।

৪র্থ ও ৫ম ব্যাচের কম্পিউটার প্রশিক্ষণ কোর্সের সমাপণী অনুষ্ঠান

রুয়েটে এডভান্স আইসিটি কোর্স চালু করা হবে

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক এবং কর্মকর্তা ও কর্মচারীদের আইসিটি বিষয়ক কর্মদক্ষতা বৃদ্ধির জন্য এডভান্স লেভেলের আইসিটি কোর্স চালু করা হবে।

১৯ সেপ্টেম্বর সোমবার দুপুরে রুয়েটে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের আইটি বিষয়ক কর্মদক্ষতা বৃদ্ধির নিমিত্তে আয়োজিত চতুর্থ ও পঞ্চম ব্যাচের প্রশিক্ষণ কোর্সের সমাপনী ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ এ কথা বলেন। তিনি বলেন, রুয়েট বিগত কয়েক বছর যাবত সিসকো নেটওয়ার্কিং একাডেমির উদ্যোগে আয়োজিত কম্পিউটার নেটওয়ার্কিং প্রশিক্ষণ পরিচালনা করছে যার মাধ্যমে বাংলাদেশে কম্পিউটার নেটওয়ার্কিংয়ে সহস্রাধিক দক্ষ পেশাজীবি তৈরী হয়েছে। রাজশাহী অঞ্চলের শিক্ষার্থীদের আইসিটি বিষয়ে দক্ষ জনবল তৈরী করার নিমিত্তে রুয়েটের পক্ষ থেকে এডভান্স লেভেলের কোর্সের আয়োজন করা হবে বলে তিনি জানান।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের শিক্ষা ও গবেষণা প্রকল্পের সহায়তায় রুয়েটের কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার এবং পরিকল্পনা ও উন্নয়ন শাখা যৌথভাবে এই প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে।

চতুর্থ ও পঞ্চম ব্যাচের প্রশিক্ষণ কোর্সের সমাপনী ও সনদপত্র বিতরণ অনুষ্ঠান রুয়েট কেন্দ্রীয় কনফারেন্স রুমে আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন রুয়েটের ভারপ্রাপ্ত রেজিষ্ট্রার প্রফেসর ড. মোঃ মোশাররাফ হোসেন, ইন্সটিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজির পরিচালক প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামান, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রফেসর ড. বশির আহমেদ এবং ভারপ্রাপ্ত কম্পোট্রলার নাজিম উদ্দীন আহম্মদ। সভাপতিত্ব করেন পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) প্রফেসর ড. মোঃ আব্দুল আলীম।

চতুর্থ ও পঞ্চম ব্যাচের এই প্রশিক্ষণ কোর্সে রুয়েটের বিভিন্ন বিভাগ ও শাখায় কর্মরত ৩২ জন কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করেন। কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন প্রফেসর ড. বশির আহমেদ। প্রশিক্ষণ কোর্স পরিচালনার দায়িত্বে ছিলেন সিনিয়র সিস্টেম এ্যানালিষ্ট বিমলেন্দু সেখর সরকার, সিস্টেম এ্যানালিষ্ট সৈয়দ মোস্তফা কামাল এবং এ্যাসিসট্যান্ট প্রোগ্রামার মোঃ এমদাদুল হক।

রুয়েটে কর্মরত শিক্ষক এবং কর্মকর্তা ও কর্মচারীদের আইসিটি বিষয়ক কর্মদক্ষতা বৃদ্ধির নিমিত্তে পাঁচটি ব্যাচের কম্পিউটার প্রশিক্ষণ কোর্স সম্পন্ন হয়েছে। এই প্রশিক্ষণ কোর্সগুলিতে বিভিন্ন বিভাগ ও শাখায় ৬৮ জন সিনিয়র কম্পিউটর অপারেটর, কম্পিউটার অপারেটর, সিনিয়র ডাটা প্রসেসর এবং ডাটা প্রসেসরগণ অংশগ্রহণ করেন।

প্রথম দু'টি প্রশিক্ষণের কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন ইন্সটিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজির পরিচালক প্রফেসর ড. মোঃ শহীদ উজ জামান। এছাড়া শেষের তিনটি প্রশিক্ষণের কোর্স কো-অর্ডিনেটর ছিলেন কেন্দ্রীয় কম্পিউটার সেন্টারের ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রফেসর ড. বশির আহমেদ।

প্রশিক্ষণ কোর্স পরিচালনার দায়িত্বে ছিলেন সিনিয়র সিস্টেম এ্যানালিষ্ট বিমলেন্দু সেখর সরকার, সিস্টেম এ্যানালিষ্ট সৈয়দ মোস্তফা কামাল এবং সহকারী প্রোগ্রামার মোঃ এমদাদুল হক।

প্রথম ব্যাচের প্রশিক্ষণ কোর্সটি ২০১৫ সালের ৬ জুন থেকে ৪ আগস্ট, দ্বিতীয় ব্যাচ ২০১৫ সালের ১৬ সেপ্টেম্বর থেকে ২১ নভেম্বর, তৃতীয় ব্যাচ ২০১৬ সালের ৩০ জানুয়ারী থেকে ২৮ মার্চ, চতুর্থ ব্যাচ ২০১৬ সালের ২ এপ্রিল থেকে ২৩ জুন এবং পঞ্চম ব্যাচ ২০১৬ সালের ৮ মে থেকে ২৯ জুন পর্যন্ত অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সের ব্যাচগুলিতে রুয়েটে কর্মরত বিভিন্ন বিভাগ ও শাখার যথাক্রমে ১০ জন, ১২ জন, ১৩ জন, ১৫ জন এবং ১৮ জন সিনিয়র কম্পিউটার অপারেটর ও ডাটা প্রসেসর অংশগ্রহণ করেন।

১ম ব্যাচ

২য় ব্যাচ

৩য় ব্যাচ

৪র্থ ব্যাচ

৫ম ব্যাচ

রুয়েটের ভাইস-চ্যান্সেলর এবং অন্যান্য শিক্ষক ও কর্মকর্তাদের সঙ্গে এডভান্স আইসিটি কোর্সের বিভিন্ন ব্যাচের অংশগ্রহণকারী সিনিয়র কম্পিউটার অপারেটর ও ডাটা প্রসেসরবৃন্দ।

কম্পিউটার প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণকারীদের মধ্যে সনদপত্র বিতরণ করেন ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোহাঃ রফিকুল আলম বেগ।

রুয়েটে শুভ জন্মাষ্টমী পালন

গত ২৫ আগষ্ট রুয়েটে পালিত হয়েছে শুভ জন্মাষ্টমী। এই বিশেষ দিনটি উপলক্ষ্যে কেন্দ্রীয় ক্যাফেটেরিয়াতে আয়োজন করা হয়েছিল শ্রীকৃষ্ণের পূজা অর্চণা ও প্রার্থনা অনুষ্ঠান। এতে উপস্থিত ছিলেন যন্ত্রকৌশল অনুষদের ডীন প্রফেসর ড. নীরেন্দ্র নাথ মুস্তফী, পরিচালক (ছাত্রকল্যাণ) প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার, উপ-পরিচালক (ছাত্রকল্যাণ) সিদ্ধার্থ শংকর সাহা।

রুয়েটে আন্তঃ বিভাগ বিতর্ক প্রতিযোগিতা

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়ে গেল দু'দিনব্যাপী আন্তঃ বিভাগ বিতর্ক প্রতিযোগিতা। ৪ আগষ্ট বৃহস্পতিবার এই প্রতিযোগিতার উদ্বোধন করা হয়। বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষ্যে এই বিতর্ক প্রতিযোগিতার আয়োজন করা হয়েছিল।

রুয়েট ডিবেটিং ক্লাবের আয়োজনে এ প্রতিযোগিতায় ১২ টি বিভাগের ১৬ টি দল অংশগ্রহণ করে। বৃহস্পতিবার অনুষ্ঠিত হয় প্রতিযোগিতার প্রথম রাউন্ড এবং শুক্রবার অনুষ্ঠিত হয় কোয়ার্টার ফাইনাল ও সেমি ফাইনাল। ১ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় দিবসে অনুষ্ঠিত হয় ফাইনাল বিতর্ক প্রতিযোগিতা।

রুয়েট ক্রীড়াঙ্গনের টুকরো সংবাদ

"স্বাস্থই সকল সুখের মূল" এই প্রবাদ বাক্যকে সামনে রেখে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা পড়াশুনার পাশাপাশি বিভিন্ন খেলাধুলায় অংশগ্রহণ করে। তারা রুয়েটে আয়োজিত আন্তঃ বিভাগ বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। ঠিক একইভাবে আন্তঃ বিশ্ববিদ্যালয় পর্যায়ে অনুষ্ঠিত ফুটবল, ক্রিকেট, ক্যারাম, দাবা, টেনিস, টেবিল টেনিস, ভলিবল, বাস্কেটবল, এ্যাথলেটিক্স সহ বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে তারা নিজেদের যোগ্যতা প্রমাণ করার পাশাপাশি রুয়েটের সুনাম বয়ে এনেছে।

রুয়েটের ছাত্র-ছাত্রীরা বিগত বছরগুলোতে আন্তঃ বিশ্ববিদ্যালয় পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন টুর্নামেন্টে অংশগ্রহণ করে কৃতিত্বের সাথে সাফল্য অর্জন করেছে। উদাহরণ হিসেবে বলা যায়, ক্যারাম (একক)ঃ রানারআপ (২০০৫), টেবিল টেনিস (ছাত্র)ঃ দ্বিতীয় রানারআপ (২০০৬), ফুটবলঃ দ্বিতীয় রানার আপ (২০১২ ও ২০১৩), ভলিবল (ছাত্র)ঃ দ্বিতীয় রানারআপ (২০১৩), ভলিবল (ছাত্রী)ঃ দ্বিতীয় রানারআপ (২০১৩)।

এরই ধারাবাহিকতায় ২০১৫-১৬ সালেও রুয়েটের ছাত্র-ছাত্রীরা আন্তঃ বিশ্ববিদ্যালয় পর্যায়ে অনুষ্ঠিত বিভিন্ন প্রতিযোগিতায় অংশগ্রহণ করে বেশ সাফল্য অর্জন করেছে।

`vevt ২০১৫ সালের ১৮ থেকে ২০ ডিসেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ আন্তঃ বিশ্ববিদ্যালয় দাবা প্রতিযোগিতা'১৫ অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় রুয়েট সহ ১১টি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে। রুয়েটের প্রতিযোগিরা দুটি খেলায় জয়লাভ করে।

বাংলাদেশ আন্ত:বিশ্ববিদ্যালয় দাবা প্রতিযোগিতায় অংশগ্রহণ করছে রুয়েটের শিক্ষার্থীরা।

টেবিল টেনিসঃ ২০১৫ সালের ২০ থেকে ২২ নভেম্বর ময়মনসিংহে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ আন্তঃ বিশ্ববিদ্যালয় টেবিল টেনিস (ছাত্র) প্রতিযোগিতা'১৫ অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় দেশের ১৬ টি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে। রুয়েটের ছাত্ররা দুটি খেলায় জয়লাভ করে গ্রুপ রানারআপ হয়।

ফুটবলঃ চলতি বছরের ৩০ মার্চ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ আন্তঃ বিশ্ববিদ্যালয় ফুটবল প্রতিযোগিতার 'বি গ্রুপের' খেলা অনুষ্ঠিত হয়। এতে ৭ টি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে। মূল প্রতিযোগিতায় অংশগ্রহণের পূর্বে একটি প্রস্তুতিমূলক প্রীতি ম্যাচে রুয়েট ১-০ গোলে রাজশাহী বিশ্ববিদ্যালয়কে পরাজিত করে।

৩০ মার্চ প্রথম খেলায় রুয়েট ১-১ গোলে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাথে ড্র করে, ১ এপ্রিল দ্বিতীয় খেলায় খুলনা বিশ্ববিদ্যালয়ের সাথে ৭-১ গোলের বিপুল ব্যবধানে জয়লাভ করে এবং ২ এপ্রিল তৃতীয় খেলায় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সাথে ৬-০ গোলে জয়লাভ করে গ্রুপ চ্যাম্পিয়ন হয়। সেমিফাইনালে রুয়েট ফুটবল দল কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের কাছে পরাজিত হয়ে তৃতীয় স্থান অর্জন করে।

আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতা ২০১৫-২০১৬

চলতি বছরের মার্চ মাসে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে বাংলাদেশ আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতা ২০১৬ এর বি গ্রুপের খেলা অনুষ্ঠিত হয়। এই প্রতিযোগিতায় রুয়েট সহ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, হাজী মোহাম্মাদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়, খুলনা বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ও স্বাগতিক রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ মোট দশটি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে।

রুয়েট দল প্রথম বারের মত বাংলাদেশ আন্তঃবিশ্ববিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। দশটি বিশ্ববিদ্যালয়কে দুটি গ্রুপে (পদ্মা ও বরেন্দ্র) ভাগ করে লীগ ও নক আউট পদ্ধতিতে প্রতিযোগিতাটি শুরু হয়।

পদ্মা গ্রুপে হাজী মোহাম্মাদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ও রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং বরেন্দ্র গ্রুপে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয় ও খুলনা বিশ্ববিদ্যালয় ।

রুয়েট ক্রিকেট দল ৫ মার্চ প্রথম খেলায় খুলনা বিশ্ববিদ্যালয়ের কাছে ৪ উইকেটে পরাজিত হয়। তবে পরদিন দ্বিতীয় খেলায় ৬ মার্চ জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়কে ৬ উইকেটে হারিয়ে জয়লাভ করে। ৭ মার্চ তৃতীয় খেলায় শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কাছে মাত্র ৪ রানে এবং ইসলামী বিশ্ববিদ্যালয়ের কাছে চতুর্থ খেলায় ২১ রানে পরাজিত হয়।

রুয়েট ক্রিকেট দল বাংলাদেশ আন্তঃ বিশ্ববিদ্যালয় ক্রিকেট প্রতিযোগিতায় প্রথমবারের মত অংশ নেয়। পূর্ব অভিজ্ঞতা না থাকার কারণে চারটি খেলার মধ্যে তারা একটিতে জয়লাভ করে এবং তিনটিতে প্রতিদ্বন্দিতা করে পরাজিত হয়। রুয়েট ক্রিকেট দলে সম্ভাবনাময়ী কিছু খেলোয়াড় থাকায় আগামীতে সুষ্ঠু প্রশিক্ষণের মাধ্যমে ভালো ফলাফল করা সম্ভব হবে বলে আশা করা যাচ্ছে।

প্রকৌশল বিশ্ববিদ্যালয় হিসেবে রুয়েটে ছাত্র-ছাত্রীদের পড়াশুনার অত্যাধিক চাপ থাকা সত্তেও ক্রীড়াঙ্গনে রুয়েটের ছাত্র-ছাত্রীদের সাফল্য ঈর্ষনীয়। ভবিষ্যতে খেলাধুলার আরও সুযোগ সৃষ্টির পাশাপশি অবকাঠামোগত উন্নয়ন ঘটাতে পারলে রুয়েট ক্রীড়াঙ্গনে উত্তরোত্তর উন্নতি ও সাফল্য অর্জন করে জাতীয় ও আন্তর্জাতিক ক্ষেত্রে যেমন অবদান রাখতে পারবে ঠিক একইভাবে এখানকার ছাত্র-ছাত্রীরা পড়ালেখার পাশাপাশি নিজেদের ক্রীড়াঙ্গণে সম্পৃক্ত করে সুস্থ সবল প্রকৌশলী হিসেবে তাদেরকে গড়ে তুলতে সক্ষম হবে

বাংলাদেশ আন্ত: বিশ্ববিদ্যালয় ফুটবল প্রতিযোগিতায় অংশগ্রহণকারী রুয়েটের ফুটবল দলের সদস্যরা।

সিভিল প্রিমিয়ার লীগ (ঈচখ) ২০১৬

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের পুরকৌশল বিভাগের উদ্যেগে আয়োজন করা হয়েছিল 'সিভিল প্রিমিয়ার লীগ (CPL) ২০১৬'। ৬ এপ্রিল পুরকৌশল বিভাগের শিক্ষকদের উপস্থিতিতে প্রিমিয়ারলীগ (CPL) ২০১৬-এর যাত্রা শুরু হয়। পুরকৌশল বিভাগের সহকারী অধ্যাপক বুলবুল আহ্মেদ 'CPL 2016'-এর উদ্বোধন করেন। এসময় আরো উপস্থিত ছিলেন প্রভাষক জনাব মো: মাসুদ রানা, জনাব আহমেদ হোসাইন এবং বিভাগের সকল সিরিজের শিক্ষার্থীবৃন্দ।

টুর্নামেন্টটিতে অংশ নেয়ার জন্য সিরিজের শিক্ষার্থীবৃন্দ এবং শিক্ষকদের নিয়ে লটারীর মাধ্যমে আটটি দল গঠন করা হয়। দলগুলো হচ্ছে The Royal Civilian, Moger Mulluk, Vivacious Gladiators , Civil Warriors, Daredevils of Civil, Civil Strikers, Keltu Warriors এবং কচিকাঁচার দল।

অংশগ্রহণকারী দলগুলো লটারীর মাধ্যমে দুই গ্রুপে বিভক্ত হয়ে নিজ নিজ গ্রুপের প্রত্যেকের সাথে একটি করে ম্যাচ খেলার মাধ্যমে প্রথম রাউন্ডের খেলা শেষ করে। পয়েন্টের ভিত্তিতে প্রথম সারির দু'টি করে দল সেমিফাইনালে উত্তীর্ণ হয়। প্রথম সেমিফাইনালে The Royal

RUET Bulletin

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একটি ত্রৈ-মাসিক প্রকাশনা

২য় বর্ষ :: ৭ম সংখ্যা :: জুলাই-সেপ্টেম্বর ২০১৬

রুয়েটে সিভিল প্রিমিয়ার লীগে চ্যাম্পিয়ন দলের সদস্যরা।

Civilian ৯ উইকেটে Civil Warriors কে পরাজিত করে ফাইনালে পৌছায়। অপর সেমিফাইনালে Vivacious Gladiators কে ৭ রানে পরাজিত করে Keltu Warriors। ১২ মে ২০১৬ জমকালো ফাইনাল ম্যাচে The Royal Civilian কে ৫ উইকেটে পরাজিত করে শিরোপা নিজেদের দখলে নেয় Keltu Warriors।

ফাইনাল ম্যাচ শেষে চ্যাম্পিয়ন এবং রানার্স আপ টীমের মধ্যে শিরোপা তুলে দেন প্রভাষক মো: মাসুদ রানা এবং আহমেদ হোসাইন। পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আনুষ্ঠানিক বক্তব্যে ছাত্র-শিকদের মধ্যে এধরনের খেলা বেশি বেশি আয়োজন করার পরামর্শ দেন শিক্ষকবৃন্দ।

ইলেক্ট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদের উদ্যোগে 'ইলেক্ট্রিক্যাল, কম্পিউটার এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং' উপর ২য় আন্তর্জাতিক সম্মেলন আগামী ৮-১০ ডিসেম্বর, ২০১৬

আগামী ০৮-১০ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ তারিখে ইলেক্ট্রিক্যাল এন্ড কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অনুষদ আয়োজন করতে যাচ্ছে তড়িৎ, কম্পিউটার ও টেলিযোগাযোগ প্রকৌশল এর উপর ২য় আন্তর্জাতিক সম্মেলন। উক্ত সম্মলনে অংশগ্রহণে ইচ্ছুক গবেষকবৃন্দকে তাঁদের গবেষণাপত্র আগামী ৩০/০৯/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে http://icecte.ruet.ac.bd/ Ges http://www.icecte-ruet.org/ এই ঠিকানায় জমা দেয়ার জন্য আহবান করা যাচ্ছে।

পুরকৌশল অনুষদের উদ্যোগে ওঈচঅঈঊ কনফারেন্স আগামী ৯-১১ ফেব্রুয়ারী, ২০১৭

আগামী ০৯-১১ ফেব্রুয়ারী ২০১৭ পুরকৌশল অনুষদের উদ্যোগের রুয়েটে অনুষ্ঠিত হবে INTERNATIONAL CONFERENCE ON PLANNING, ARCHITECTURE AND ENGINEERING (ICPACE 2017) শীর্ষক আর্ন্তজাতিক কনফারেন্স। দেশ ও বিদেশের উল্লেখযোগ্য পরিকল্পনাবিদ, স্থপতি ও প্রকৌশলীবৃন্দ এই কনফারেন্সে অংশগ্রহণ করবেন। বিস্তারিত তথ্যের জন্য icpace.ruet.ac.bd এ যোগাযোগ করা যাবে। আয়োজক কমিটির সভাপতি এবং সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করছেন যথাক্রমে পুরকৌশল অনুষদের ডীন প্রফেসর মোহাঃ আবদুস সোবহান (ইমেইলঃ msobhan78030@gmail.com এবং পুরকৌশল বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. এন এইচ এম কামরুজ্জামান সরকার (ইমেইলঃ kserker@gmail.com)

আইপিই বিভাগের দুইজন শিক্ষকের মাস্টার্স ডিগ্রী অর্জন

আইপিই বিভাগের সহকারী অধ্যাপক জনাব মোঃ সানোয়ার হোসেন নিজ বিভাগ থেকে মাস্টার্স ডিগ্রী অর্জন করলেন। তাঁর তত্ত্বাবধায়ক ছিলেন একই বিভাগের অধ্যাপক ড. মোঃ মোশাররাফ হোসেন।

আইপিই বিভাগের সহকারী অধ্যাপক জনাব শাহেদ মাহমুদ নিজ বিভাগ থেকে মাস্টার্স ডিগ্রী অর্জন করেছেন। তাঁর সার্বিক তত্ত্বাবধায়ক ছিলেন একই বিভাগের অধ্যাপক ড. মোঃ মোশাররাফ হোসেন।

বহুজাতিক প্রতিষ্ঠান উবপধঃযষড়হ এর উদ্যোগে আইপিই ১১ সিরিজের শিক্ষার্থীদের ক্যাম্পাস ভাইভা অনুষ্ঠিত।

ফ্রান্সভিত্তিক বিখ্যাত স্পোর্টস ও ফিটনেস গিয়ার প্রস্তুতকারক প্রতিষ্ঠান Decathlon এর উদ্যোগে গত ২১ ও ২২ সেপ্টেম্বর দুই দিনব্যাপী ক্যাম্পাস ভাইভা অনুষ্ঠিত হয়। ক্যাম্পাস ভাইভায় রুয়েটের আইপিই বিভাগের চতুর্থ বর্ষ ১১ সিরিজের ছাত্র/ছাত্রীরা অংশগ্রহণ করে।

উবপধঃযষড়হ এর উদ্যোগে আইপিই ১১ সিরিজের শিক্ষার্থীদের ক্যাম্পাস ভাইভায় অংশগ্রহণকারীদের একাংশ।

ক্যাম্পাস ভাইভায় Decathlon Bangladesh Chapter-এর প্রতিনিধি হিসাবে উপস্থিত ছিলেন জনাব মিজানুর রহমান রানা, Production Team Leader, Decathlon বাংলাদেশ।

সম্পাদনা পরিষদ: সভাপতি: প্রফেসর ইকবাল মতিন, সদস্য: প্রফেসর ড. মোঃ শামীমুর রহমান, ড. মোঃ আল মামুন, জনাব মোঃ সাব্বির আহসান।
সম্পাদক: মোঃ গোলাম মুরতুজা :: প্রেস এন্ড পাবলিকেশন সেকশন, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (রুয়েট) কর্তৃক প্রকাশিত ও প্রচারিত।
ফোন: পিএবিএক্স: +৮৮০-৭২১-৭৫০৭৪২-৩ (৬৬৯) ফ্যাক্স: +৮৮০-৭২১-৭৫০১০৫, ই-মেইল: pro.ruet@gmail.com, ওয়েবসাইট: www.ruet.ac.bd